



সোশ্যাল ইসলামী ব্যাংক পিএলসি

নেত্রকোণা শাখা, নেত্রকোণা।

অর্থস্বন আদালত আইন, ২০০৩ এর ১২(৩) ধারার মোতাবেক

বন্ধকী সম্পত্তি বিক্রয়ের নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, সোশ্যাল ইসলামী ব্যাংক পিএলসি, নেত্রকোণা শাখা, নেত্রকোণা এর বিনিয়োগ গ্রহিতা মেসার্স ভাসিমি এন্টারপ্রাইজ, মালিক: আভাউর রহমান, পিতা: আলী হায়দার, ঠিকানা: সাং-নাগড়া দক্ষিণ, নেত্রকোণা সদর, নেত্রকোণা। তাদের নিকট হইতে বিনিয়োগ হিসাবে ২১/০৬/২০২৬ইং পর্যন্ত মুনাফা ও অন্যান্য খরচসহ সর্বমোট ব্যাংকের পাওনা ৩২,৫৩,৯৩৭.০৯ (ত্রিশ লক্ষ ত্রিশ তিন হাজার নয়শত সাতাত্তর টাকা নয় পয়সা) এবং আদায়কাল পর্যন্ত মুনাফা ও অন্যান্য খরচ আদায়ের নিমিত্তে অত্র ব্যাংকের অনুকূলে বন্ধককৃত ও আম-মোক্তারনামা দলিল বলে বিক্রয়ের ক্ষমতা প্রাপ্ত নিম্ন তফসিলভুক্ত স্থাবর সম্পত্তি ও উহার উপর স্থাপিত সেমি পাকা বাসা ও অন্যান্য স্থাপনা নিলামে বিক্রয়ের জন্য নিম্নলিখিত শর্তসাপেক্ষে সীলমোহরকৃত দরপত্র আহ্বান করা যাইতেছে।

শর্তাবলী

- অগ্রহী দরদাতাগণ তাহার বা তাহাদের নিজস্ব প্যাডে অথবা সাদা কাগজে স্পষ্টাক্ষরে নিলাম দরপত্র দাতার নাম, পিতার নাম, ঠিকানা, টেলিফোন/মোবাইল নম্বর প্রদত্ত দর অংকে ও কথায় লিখিয়া সীলমোহরকৃত খামে এবং খামের উপরে স্পষ্টাক্ষরে “সম্পত্তি নিলাম ক্রয়ের দরপত্র” লিখিয়া আগামী ০২/০৯/২০২৬ইং তারিখ অপরাহ্ন ৩.০০ ঘটিকার মধ্যে সোশ্যাল ইসলামী ব্যাংক পিএলসি নেত্রকোণা শাখা, নেত্রকোণা রক্ষিত দরপত্র ব্যাল্ডে ফেলিবেন অথবা দরপত্র রেজিস্ট্রিকৃত ডাকযোগে উক্ত তারিখের নির্দিষ্ট সময়ের মধ্যে পৌছাইতে হইবে এবং এদিনই অপরাহ্ন ৩.৩০ ঘটিকার সময় দরদাতাগণের সন্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র ব্যাল্ড খোলা হইবে।
- নিলাম দরপত্রের সাথে নিলাম দরপত্রদাতার জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করিতে হইবে।
- প্রত্যেক দরদাতা উদ্ধৃত দর অনূর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হইলে উহার ২০%, উদ্ধৃত দর ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার ১৫% এবং উদ্ধৃত দর ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সমপরিমাণ টাকা জামানতস্বরূপ যেকোন তফসিলী ব্যাংক হইতে, সোশ্যাল ইসলামী ব্যাংক পিএলসি নেত্রকোণা শাখা, নেত্রকোণা এর অনুকূলে ইস্যুকৃত ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার, দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।
- অনূর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৩০(ত্রিশ) দিবসের মধ্যে ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০(ষাট) দিবসের মধ্যে এবং ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার অধিক উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০(নব্বই) দিবসের মধ্যে দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করিতে হইবে, ব্যর্থতায় আইন অনুযায়ী ব্যাংক কর্তৃপক্ষ জামানতের টাকা বাজেয়াপ্ত করিতে পারিবেন।
- উপরোক্ত অনুচ্ছেদ-৪ এর অধীনে প্রথম সর্বোচ্চ দরদাতার জামানত বাজেয়াপ্ত হইলে বাজেয়াপ্তকৃত অর্থ এবং দ্বিতীয় সর্বোচ্চ দরদাতার দরপত্রের মূল্য একত্রে সর্বোচ্চ দরদাতা কর্তৃক উদ্ধৃত দর অপেক্ষা কম না হইলে, উক্ত দ্বিতীয় সর্বোচ্চ দরদাতাকে সম্পত্তি নিলাম খরিদ করিতে আহ্বান করা হইবে এবং দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা অনুরূপ আহ্বানে সন্মত হইলে তাহাকে অনুচ্ছেদ-৪ এর নির্ধারিত সময়সীমার মধ্যেই দরপত্রের সম্পূর্ণ অর্থ পরিশোধ করিতে হইবে, ব্যর্থতায় দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা কর্তৃক প্রদত্ত জামানতের টাকাও বাজেয়াপ্ত করা হইবে।
- দরদাতাকে রেজিস্ট্রেশন সংক্রান্ত খরচ, স্ট্যাম্প, ডিউটি ও ভ্যাট অন্যান্য শুল্ক খরচ যদি থাকে এবং দলিল নিবন্ধন সংক্রান্ত যাবতীয় খরচ বহন করিতে হইবে।
- এক বা একাধিক তফসিলের বিপরীতে একত্রে অথবা আলাদা আলাদা দরপত্র দাখিল করা যাইবে। তবে একত্রে দরপত্র দাখিলের ক্ষেত্রে প্রতিটি তফসিলের জন্য আলাদা আলাদা মূল্য উল্লেখ করিতে হবে।
- কম জামানত সমেত/জামানতবিহীন/একটিপূর্ণ দরপত্র সরাসরি বাতিল বলিয়া গণ্য হইবে।
- অসফল দরদাতার জামানত ফেরত দেওয়া হইবে।
- তফসিলভুক্ত সম্পত্তির উপর কোন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্তশাসিত কোন প্রতিষ্ঠান বা অন্য যেকোন পাওনাদারের পাওনা বা দাবি থাকিলে তাহা পরিশোধের কোন দায়িত্ব ব্যাংক বহন করিবেনা।
- দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অবৈধভাবে অপরিষ্কার বা কম পরিলক্ষিত হইলে বা অন্য কোন কারণে গ্রহণযোগ্য না হইলে ব্যাংক কর্তৃপক্ষ উক্ত দরপত্র গ্রহণে বাধ্য থাকিবে না এবং কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে সর্বোচ্চ গৃহীত বা যেকোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা ব্যাংক কর্তৃপক্ষ সংরক্ষণ করেন এবং অপরাপর এতদসংশ্লিষ্ট সকল বিষয়ে ব্যাংক কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া বিবেচিত হইবে এবং অর্থস্বন আদালত আইন, ২০০৩ এর ধারা ১২ এবং ধারা ৩৩ এর বিধান যতদূর সম্ভব অনুসরণীয় হইবে।
- দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহণকারী ইচ্ছুক ব্যক্তিবর্গ বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য অফিস চলাকালীন সময়ে নিম্নস্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।

বন্ধকী সম্পত্তির তফসিল

জেলা-নেত্রকোণা, উপজেলা ও সাব-রেজিস্ট্রী অফিস-সদর, মৌজা: নাগড়া, জে.এল.নং-৩২৬(আরওআর), ২০৮ (বি.আর.এস, পৌরসভা, নাগড়া দক্ষিণ-নেত্রকোণা।

আরওআর খং নং	বি.আর.এস. খং নং	মিউটেশন খং নং	আরওআর দাগ নং	বি.আর.এস. দাগ নং	ভূমির পরিমাণ	চৌহদ্দী
১৫৫, ১৫৭ (এক শত পঞ্চাশ ও এক শত সাতান্ন)	২৫৫ (দুই শত পঞ্চাশ)	১৫৬১ (এক হাজার পাচশত একষট্টি)	২০৯, ২১১, এবং ২১২ (দুইশত নয়, দুইশত এগার এবং দুইশত বার)	৩২৪ এবং ৩২৬ (তিনশত চব্বিশ এবং তিনশত ছাব্বিশ)	৭.০০ শতাংশ (সাত শতাংশ)	উত্তরে:- ৪ ফুট প্রশস্ত রাস্তা এবং শাহানা আভার। দক্ষিণে:- মোঃ কাইয়ুম গং। পূর্বে: ৬ ফুট প্রশস্ত রাস্তা। পশ্চিমে: কৃষ্ণ।
সোশ্যাল ইসলামী ব্যাংক, পিএলসি, নেত্রকোণা শাখার পক্ষে শাখা ব্যবস্থাপক মোবাইল নং: ০১৭১৩-১৩৯১১৫						